

গল্প বুড়ো কবিতার প্রশ্নের উত্তর

পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য পাতাবাহার পাঠ্য বই থেকে গল্পবুড়ো কবিতার প্রশ্নের উত্তর প্রদান করা হলো।

১. ঠিক শব্দটি বেছে নিয়ে বাক্যটি আবার লেখো :

১.১ 'উত্তরে হাওয়া' বলতে বোঝায় হাওয়া যখন উত্তর দিক থেকে বয়ে আসে। এমন ভাবে _____ (গ্রীষ্ম/ শরৎ/ শীত/ বর্ষা) কালে হাওয়া বয়।

উত্তর : 'উত্তরে হাওয়া' বলতে বোঝায় হাওয়া যখন উত্তর দিক থেকে বয়ে আসে। এমন ভাবে শীত কালে হাওয়া বয়।

১.২ খুথুড়ে শব্দটির অর্থ _____ (চনমনে/ জড়সড়ো/ জ্ঞানী/ নড়বড়ে)।

উত্তর : খুথুড়ে শব্দটির অর্থ নড়বড়ে

১.৩ রূপকথার গল্পে যেটি থাকে না _____ (দত্বি-দানো/ পক্ষীরাজ/ রাজপুত্র/ উড়োজাহাজ)।

উত্তর : রূপকথার গল্পে যেটি থাকে না উড়োজাহাজ

১.৪ রূপকথার গল্প সংগ্রহ করেছেন এমন একজন লেখকের নাম বেছে নিয়ে লেখো। (আশাপূর্ণা দেবী/ দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার/ সত্যজিৎ রায়/ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়)।

উত্তর : রূপকথার গল্প সংগ্রহ করেছেন এমন একজন লেখকের নাম দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার।

২.১ লেখালিখি ছাড়াও সুনির্মল বসু আর কোন কাজ ভালো পারতেন ?

উত্তর : লেখালিখি ছাড়াও সুনির্মল বসু ভালো ছবি আঁকতে পারতেন।

২.২ তাঁর লেখা দুটি বইয়ের নাম লেখো।

উত্তর : তাঁর লেখা দুটি বইয়ের নাম হল 'ছানাবড়া' ও 'হইচই'।

৩. এলোমেলো বর্ণগুলিকে সাজিয়ে শব্দ তৈরি করো :

থা রু ক প – রূপকথা

র ত্তু জ রা পু – রাজপুত্র

জ ক্ষী রা প – পক্ষীরাজ

ব প ম ন ন – মনপবন

জ গু বি আ – আজগুবি

৪. অন্তমিল আছে এমন পাঁচজোড়া শব্দ কবিতা খুঁজে নিয়ে লেখো :

উত্তর : অন্তমিল আছে এমন পাঁচজোড়া শব্দ – বাঁধা; ধাঁধা, বোলা; ভোলা, যক্ষিরাজ;
পক্ষীরাজ, ঝলমলে; টলটলে, নন্দিনী; বন্দিনি।

৫. বাক্য বাড়াও :

৫.১ শীতকালে হাওয়া বইছে। (কেমন হাওয়া?)

উত্তর : শীতকালে উত্তরে হাওয়া বইছে।

৫.২ গল্পবুড়ো ডাকছে। (কেমন বুড়ো?)

উত্তর : থুথুড়ে গল্পবুড়ো ডাকছে।

৫.৩ গল্পবুড়োর মুখ ব্যথা। (মুখ ব্যথা কেন?)

উত্তর : চাঁচিয়ে ডাক পেড়ে গল্পবুড়োর মুখ ব্যথা।

৫.৪ গল্পবুড়োর ঝোলা আছে। (কোথায় ঝোলা?)

উত্তর: গল্পবুড়োর কাঁধে ঝোলা আছে।

৫.৫ দেখবি যদি, আয়। (কীভাবে আসবে?)

উত্তর: দেখবি যদি জলদি আয়।

৬. 'ক' এর সঙ্গে 'খ' স্তম্ভ মিলিয়ে লেখ:

ক	খ
তল্লি	কাল্পনিক গল্প
রূপকথা	বাতাস
ভোরে	দ্রুত
পবন	ঝোলা
সত্বর	বিহানে

উত্তর:

ক	খ
তল্লি	ঝোলা
রূপকথা	কাল্পনিক গল্প
ভোরে	বিহানে
পবন	বাতাস
সত্বর	দ্রুত

৭. 'ডাকছে রে' আর 'ডাক ছেড়ে' শব্দজোড়ার মধ্যে কী পার্থক্য তা দুটি বাক্য রচনা করে দেখাও:

যেমন – বাচ্চুরটি ডাক ছেড়ে মাকে ডাকছে রে।

৭. নম্বর প্রশ্নের উত্তর তোমরা নিজেরা লেখো। তোমাদের লেখা উত্তর এই পোস্টের Comment Section-এ আমাদের পাঠাতে পারো।

৮. শব্দঝুড়ির থেকে বিশেষ্য ও বিশেষণ আলাদা করে লেখো :

উত্তরে, থুথুড়ে, তল্লি, বোলা, জলদি, আজগুবি, সত্বর, শীত, রাজপুতুর, কারখানা

উত্তর :

বিশেষ্য

বিশেষণ

তল্লি, বোলা, শীত,

উত্তরে, থুথুড়ে, জলদি, আজগুবি, সত্বর

রাজপুতুর, কারখানা

৯. পক্ষীরাজ এর মতো (ক্+ষ্=ক্ষ্) রয়েছে এমন পাঁচটি শব্দ তৈরি করো :

উত্তর : পক্ষীরাজ এর মতো (ক্+ষ্=ক্ষ্) রয়েছে এমন পাঁচটি শব্দ – যক্ষিরাজ, পক্ষী, রক্ষী, পরীক্ষা, ক্ষত্রিয়।

১০. ক্রিয়ার নীচে দাগ দাও :

১০.১ বইছে হাওয়া উত্তরে।

উত্তর : বইছে হাওয়া উত্তরে।

১০.২ ডাক ছেড়ে সে ডাকছে রে।

উত্তর : ডাক ছেড়ে সে ডাকছে রে।

১০.৩ আয় রে ছুটে ছোট্রা।

উত্তর : আয় রে ছুটে ছোট্রা।

১০.৪ দেখবি যদি জলদি আয়।

উত্তর : দেখবি যদি জলদি আয়।

১০.৫ চাঁচিয়ে যে তার মুখ ব্যথা।

উত্তর : চাঁচিয়ে যে তার মুখ ব্যথা।

১১. তোমার দৃষ্টিতে গল্পবুড়োর সাজ-পোশাকটি কেমন হবে, তা একটি ছবিতে আঁকো :

উত্তর : ১১. নম্বর প্রশ্নের উত্তরের ছবিটি তোমরা নিজেরা আঁকো। তোমাদের আঁকা এই পোস্টের Comment Section-এ আমাদের পাঠাতে পারো।

১২. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

১২.১ গল্পবুড়ো কখন গল্প শোনাতে আসে ?

উত্তর : কবি সুনির্মল বসুর লেখা 'গল্পবুড়ো' কবিতায় শীতের ভোরে যখন উত্তরে হাওয়া বয় তখন গল্পবুড়ো গল্প শোনাতে আসে।

১২.২ গল্পবুড়োর ঝোলায় কী কী ধরনের গল্প রয়েছে ?

উত্তর : কবি সুনির্মল বসুর লেখা 'গল্পবুড়ো' কবিতায় গল্পবুড়োর ঝোলায় দতি, দানব, যক্ষিরাজ, রাজপুত্র, পক্ষীরাজ, আজগুবি কারখানা, তেপান্তরের মাঠ, হট্টমেলার হাট ও কেশবতী নন্দিনীর গল্প রয়েছে।

১২.৩ গল্পবুড়ো শীতকালের ভোরে ছোটদের কীভাবে ঘুম থেকে ওঠাতে চায় ?

উত্তর : কবি সুনির্মল বসুর লেখা 'গল্পবুড়ো' কবিতায় গল্পবুড়ো শীতকালের ভোরে 'রূপকথা চাই, রূপকথা- হাঁক দিয়ে ডেকে, লোভনীয় গল্পের কথা বলে ছোটোদের ঘুম থেকে ওঠাতে চায়।

১২.৪ 'রূপকথা'র কোন কোন বিষয় কবিতাটিতে রয়েছে ?

উত্তর : কবি সুনির্মল বসুর লেখা 'গল্পবুড়ো' কবিতায় দতি, দানব, যক্ষিরাজ, রাজপুত্র, পক্ষীরাজ এইসব রূপকথার বিষয় কবিতাটিতে রয়েছে।

১২.৫ গল্পবুড়ো কাদের তার গল্প শোনাবে না ?

উত্তর : কবি সুনির্মল বসুর লেখা 'গল্পবুড়ো' কবিতায় যারা গল্পবুড়োর হাঁক শুনে ঘুম থেকে উঠে ছুটে আসবে না গল্পবুড়ো তাদের গল্প শোনাবে না।

১৩. তোমার পড়া অথবা শোনা একটি রূপকথার গল্প নিজের ভাষায় লেখো।

উত্তর : ১৩. নম্বর প্রশ্নের উত্তর তোমরা নিজেরা লেখো। তোমাদের লেখা উত্তর এই পোস্টের Comment Section-এ আমাদের পাঠাতে পারো।